**বাংলাদেশ ব্যাংক**
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-২**

বিআরপিডি-২ সার্কুলার লেটার নং-০৫

তারিখ: ০২ এপ্রিল ২০২৬ / ১৯ চৈত্র ১৪৩২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**'অন্তর্বর্তীকালীন প্রতিবেদন' বাংলাদেশ ব্যাংকে দাখিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ০৯ জুলাই, ২০২৪ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৩১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। 'ব্যাংক-কোম্পানী বহিঃ নিরীক্ষণ বিধিমালা, ২০২৪' এর বিধি ৬ এর ২(ক) এ তফসিলি ব্যাংকসমূহের নিরীক্ষা বছরের নবম মাস ভিত্তিক একটি অন্তর্বর্তীকালীন প্রতিবেদন শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকে প্রেরণের উদ্দেশ্যে প্রস্তুতপূর্বক তা নিরীক্ষা বছরের সর্বশেষ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকে দাখিলের নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। ব্যাংকিং তদারকি কার্যক্রম শক্তিশালী এবং আন্তর্জাতিক মানদন্ডে উন্নীত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সুপারভিশন সংশ্লিষ্ট সকল বিভাগকে পুনর্গঠনপূর্বক রিস্ক বেইজড সুপারভিশন (আরবিএস) বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ করা হয়, যা আপনাদেরকে ২৪ ডিসেম্বর, ২০২৫ তারিখে জারিকৃত এসপিসিডি সার্কুলার নং-০৩ এর মাধ্যমে অবহিত করা হয়েছে।

০৪। এতদ্‌প্রেক্ষিতে আপনাদের এ সার্কুলার লেটারের ০২ নং ক্রমিকে বর্ণিত কার্যাদি যথাসময়ে সম্পাদনকরতঃ ২০২৫ সাল ভিত্তিক এবং তৎপরবর্তী প্রস্তুতকৃত সকল অন্তর্বর্তীকালীন প্রতিবেদন বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট ব্যাংক সুপারভিশন ডিপার্টমেন্ট বরাবর দাখিলের বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলা উদ্দিন)
পরিচালক (বিআরপিডি-২)
ফোন: ৯৫৩০০৯৫